

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক কৃষকদের জন্য প্রদত্ত সেবা সমূহঃ

- ১। সকল শ্রেণীর কৃষকের জন্য সম্প্রসারণ সেবা নিশ্চিত করা
- ২। ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষির আধুনিক প্রযুক্তি সমূহ কৃষকের দোর গোড়ায় পৌঁছে দেয়া।
- ৩। কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণ নিশ্চিত করা।
- ৪। ভিজিট শিডিউল অনুসারে মাঠ পরিদর্শন, কৃষকের সমস্যা চিহ্নিত করণ ও সমাধান দেয়া।
- ৫। জৈব ও রাসায়নিক সারের সুষম ব্যবহারের মাধ্যমে মাটির স্বাস্থ্য ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা
- ৬। ফসলের বালাই দমনে পরামর্শ প্রদান
- ৭। কৃষকের মাঠে নতুন ফসল, নতুন জাত এবং নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবসের আয়োজন করা।
- ৮। বিভিন্ন কৃষি প্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান।
- ৯। বিভিন্ন প্রকার সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকদের মাঝে সচেতনতা তৈরী করা।
- ১০। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সরকারী প্রণোদনা/পুনর্বাসনে কৃষি উপকরণ বিতরণ নিশ্চিত করা।
- ১১। ফসলের মান সম্মত বীজ উৎপাদন ও সংরক্ষণে কৃষকদের সহায়তা করা।
- ১২। জৈব সার ও জৈব বালাইনাশক ব্যবহারের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদনে কৃষকদের সহায়তা প্রদান।
- ১৩। কৃষি পণ্য বিপণনে ক্রেতা ও কৃষকদের মাঝে সংযোগ স্থাপনে সহায়তা করা।
- ১৪। ফসলের বৈচিত্র আনয়নে এবং শস্য বিন্যাস উন্নতকরণে সহায়তা করা।
- ১৫। সরকারী ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন খরচ হ্রাসে সহায়তা করা।
- ১৬। দেশে উৎপাদিত অপর্যাপ্ত খাদ্য শস্যের (ডাল, তেল, মশলা) উৎপাদন বৃদ্ধি করা
- ১৭। ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষি ঋণ গ্রহণে কৃষকদের সহায়তা করা।
- ১৮। জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে কৃষকের ডাটাবেজ তৈরী করা।
- ১৯। পুষ্টি উন্নয়নে বসতভিটায় ও ছাদে সবজি ও ফল বাগান সৃজনে সহায়তা প্রদান।
- ২০। মোবাইল অথবা টেলিফোনের মাধ্যমে কৃষককে ডিজিটাল সেবা প্রদান।
- ২১। লিফলেট, বুকলেট, মাঠ দিবস ও মাঠ পরিদর্শনের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ দেয়া।
- ২২। উচ্চমূল্যের ফসল উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
- ২৩। বাণিজ্যিক ফল সবজি উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
- ২৪। নিজেস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সহায়তা করা।
- ২৫। আইপিএম, আইসিএম এবং অন্যান্য পদ্ধতি ব্যবহার করে পরিবেশবান্ধব কৃষি উৎপাদনে সহায়তা করা।
- ২৬। কৃষি উপকরণ (সার, বীজ, বালাইনাশক ও চারা কলম) আমদানী ও বিপণনের লাইসেন্স প্রদান।
- ২৭। বালাইনাশক, সার ও বীজ ডিলারের দোকান পরিদর্শনের মাধ্যমে ভেজাল উপকরণ বিক্রয় রোধ করা।
- ২৮। সরকারী ও বেসরকারি সংস্থার সাথে কৃষি উৎপাদনে আন্তঃ সমন্বয় করা।